

বাংলা

(203)

BENGALI

শিক্ষক কৃত মূল্যায়ন পত্র

Tutor Marked Assignment

পূর্ণমান : 20

[দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা গুলি প্রশ্নের পূর্ণমান - এর নির্দেশক]

নির্দেশিকা : ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক ।

খ) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার উপরের দিকে নিজের নাম, তালিকাভুক্তি সংখ্যা(এনরোলমেন্ট নম্বর), পাঠকেন্ড্রের (AI) নাম ও বিষয় স্পষ্টভাবে লিখুন ।

1. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে) । (2)

ক) “জ্যোৎস্না যখন মরিয়া গেছে নদীর চড়ায় -” বলতে কী বোঝানো হয়েছে, তা ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতা অবলম্বনে নিজের ভাষায় লিখুন ।

(পাঠ ১৩ দেখুন)

খ) “কাভারী! বলো, ডুবিছে মানুষ, সন্তান মোরমা’র” - কখন কবি ‘কাভারী’কে একথা বলতে বলেছেন? ‘ডুবিছে মানুষ’ কথাটির দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন বলে আপনি মনে করেন, তা ব্যক্ত করুন।

(পাঠ ০৭ দেখুন)

2. যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে) । (2)

ক) ‘অবাক জলপান’ নাটকে পথিকের সাথে যে চরিত্রদের দেখা হয়েছিল তাদের নাম উল্লেখ করুন। ‘ঘুমড়ির জল’- এর উল্লেখ কে করেছিলেন এবং কেন তা ব্যাখ্যা করুন।

(পাঠ ১১ দেখুন)

খ) 'ছৌওয়া ছুঁয়ি মন্ত্রতন্ত্র' নাট্যাংশে "সব কাজে হাত লাগাই মোরা সব কাজেই" গানটি কাদের কণ্ঠে শোনা যায়? 'সব কাজ' বলতে গায়করা কিসের ইঙ্গিত করেছেন বলে আপনি মনে করেন, তা সংক্ষেপে লিখুন।
(পাঠ ১৭ দেখুন)

3. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে)। (2)

ক) অর্থসহ প্রবাদ-প্রবচনদ্বয়কে ঠিক মতো ব্যবহার করে বাক্য রচনা করুন।
অ। উলুবনে মুক্তা ছড়ানো
আ। দেশের লাঠি একের বোঝা

(পাঠ ২২ দেখুন)

খ) শব্দান্তর করুন।

প্রভাত -

শিশু -

গাঙ্গেয় -

ভুল -

(সমগ্র পাঠ্যবই দেখুন)

4. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে)। (4)

ক) 'দাঁড়াও' কবিতার নামকরণ কতদূর সার্থক বলে আপনি মনে করেন তা যুক্তিসহ বিশ্লেষণ করুন। এই কবিতাটির পৃথক একটি নামকরণ করুন।

(পাঠ ২৩ দেখুন)

খ) লালু চরিত্রটি নিজের ভাষায় বর্ণনা করুন। 'লালু' শব্দের অর্থ কী?

(পাঠ ০৪ দেখুন)

5. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে)। (4)

ক) ভাবসম্প্রসারণ করুন।

যে নদী হারায় শ্রোত চলিতে না পারে

সমুদ্র শৈবালদাম বাঁধে আসিতারে।

যে জাতি জীবন ধারা অচল অসাড়

খ) বিষয় – সংক্ষেপ করুন।

(পাঠ ২৭ দেখুন)

আমাদের লড়াই ভূতের সঙ্গে, আমাদের লড়াই অবুদ্ধির সঙ্গে, আমাদের লড়াই অবাস্তবের সঙ্গে । সেই আমাদের চারিদিকে ভেদ এনেছে, সেই আমাদের কাঁধের উপর পরবশ্যতাকে চড়িয়ে দিয়েছে, সেই আমাদের এতদূর অন্ধ করে দিয়েছে যে, যখন চিৎকার শব্দে ঢেলাকে গালপেড়ে গলা ভাঙছি, তখন সেই ভূতটাকে পরমাত্মীয় পরমারাধ্য বলে তাকেই আমাদের সমস্ত বাস্তবভিটে করে ছেড়ে দিয়েছি । ঢেলার দিকে তাকালে আমাদের পরিব্রাণের আশা থাকে না; কেননা জগতে ঢেলা অসংখ্য,- ঢেলা পথে ঘাটে, ঢেলা একটা ফুরালে হাজারটা আসে – কিন্তু ভূত একটাই । সেই ভূতটাকে ঝেড়ে ফেলতে পারলে ঢেলাগুলো পায় পড়ে থাকে, গায়ে পড়ে না ।

6. যে কোনো একটি বিষয়ে প্রকল্প রচনা করুন (উত্তর 500 শব্দের মধ্যে লিখতে হবে) । (6)

ক) আধুনিক প্রযুক্তিবিজ্ঞান ও শিক্ষা

[সংকেত: ভূমিকা - দৈনন্দিন জীবনে প্রযুক্তিবিজ্ঞান - আধুনিক যুগের শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক – বর্তমান শিক্ষাব্যবস্থা – শিক্ষামাধ্যমে প্রযুক্তিবিজ্ঞান - শিক্ষাদানের ক্ষেত্রে প্রযুক্তি বিজ্ঞানের সুফল ও কুফল- উপসংহার]

খ) যুদ্ধ নয়, শান্তি চাই

[সংকেত: ভূমিকা - যুদ্ধের ইতিহাস - যুদ্ধের কারণ ও অবস্থা - আধুনিক যুদ্ধান্তের ভয়াবহতা - জনসাধারণের জীবনে যুদ্ধের প্রভাব - যুদ্ধ বনাম পৃথিবী - উপসংহার]